দৈনিক খবর 14

তারিখ ... 15 JAN 1996
পৃষ্ঠা ... 7 ... কলাম ... 9 ...

রাজধানীর স্কুলে ভর্তি পরীক্ষা গ্রহণ

# তিন হাজার আসনের জন্যে প্রার্থী হয়েছে ২৪ হাজার

।। খবর রিপোর্ট ।।

রাজধানীর ২৬টি সরকারী বিদ্যালয়ের ভর্তি পরীক্ষা গতকাল রোববার অনুষ্ঠিত হয়েছে। প্রায় ৩ হাজার আসনের জন্য ২৪ হাজার ছাত্র-ছাত্রী ও তাদের অভিভাবকদের দিনটি কেটেছে উৎকণ্ঠার সাথে।

নগরীর ১৬টি সরকারী বালক বিদ্যালয় ও ১০টি সরকারী বালিকা বিদ্যালয়ের শূন্য আসনে নতুন শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষা গতকাল নেয়া হয়। এর আগে গত শুক্র ও শনিবার নগরীর বেসরকারী স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা শেষ হয়েছে। এ বছর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের উদ্যোগে মহানগরীকে ৬টি জোনে ভাগ করে সরকারী স্কুলগুলোতে ভর্তি পরীক্ষা নেয়া হয়েছে। বিভিন্ন শ্রেণীকে দু'ভাগে ভাগ করে সকাল ৯টা থেকে প্রথম, দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীতে ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের দেড় ঘন্টাব্যাপী এবং অন্যান্য শ্রেণীতে ভর্তিচ্ছুদের দুপুর ২টা থেকে দুই ঘন্টাব্যাপী পরীক্ষা নেয়া হয়।

জানা গেছে, প্রায় ২ হাজার ৮শ' আসনের জন্য ভর্তিচ্ছু প্রার্থীর সংখ্যা

শেষ পৃষ্ঠায় ৭ম কলামে

## তিন হাজার আসনের

প্রথম পৃষ্ঠার পর

প্রায় ২৪ হাজার। সকাল ৯টার পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছেলে-মেয়েকে সাথে নিয়ে উৎকণ্ঠিত হাজার হাজার অভিভাবক ভোরে উঠে পরীক্ষা কেন্দ্র অভিমুখে রওনা হয়। পরীক্ষা কেন্দ্রের সামনে পৌছানোর পরে অভিভাবককে বাইরে রেখে সকল ছাত্র-ছাত্রীকে স্কুল এলাকায় ঢুকিয়ে মূল গেটে তালা মেরে দেয়া হয় এবং মাইকে ছেলে-মেয়েদের পরীক্ষা কক্ষে যাবার জন্য বলা হয়। অভিভাবকহীন এ অবস্থায় সব ছাত্র-ছাত্রীই ঘাবড়ে যায়। সবচে' করুণ দৃশ্যের অবতারণা হয় পরীক্ষা শেষে অভিভাবকদের ছেলে-মেয়ে খুঁ[illegible]বের করার ক্ষেত্রে। পরীক্ষা দেয়ার চেয়ে ছেলে-মেয়ে হাতে ফিরে পাবার ব্যাপারে অভিভাবকদের উৎকণ্ঠা ছিল আরো বেশী।

জানা গেছে, ভর্তি পরীক্ষা গ্রহণের পরে জোন ভিত্তিক একটি মেধা তালিকা প্র[illegible]ন করা হবে। পরে সংশ্লিষ্ট জোনের সরকারী বিদ্যালয়গুলোর খালি আসনে মেধাক্রম অনু[illegible]-ছাত্রী ভর্তি করা হবে। মূল ত[illegible]ড়াও স্কুল ভিত্তিক অপেক্ষমাণ ত[illegible]া থাকবে।